গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
বাগেরহাট ।

স্মারক নং এলজিইডি/নিঃপ্রঃ/বাগের/দ-১(অংশ-৮)/২০০২/৪৭৯৮ তারিখঃ ৩০-১১-২০০১ ইং।

দরপত্র বিজ্ঞপ্তি নং -১৯/২০০২-২০০৩ ইং (২য় আহবান) ।

এতদ্বারা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় বাগেরহাট জেলা BUILD প্রকল্প ২০০২-২০০৩ এর নিম্নে উল্লেখিত কাজ/ কাজসমূহ বাস্তবায়নের জন্য পার্শ্বে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন ঠিকাদার/ ঠিকাদারী প্রতিস্ঠানের নিকট হতে বাংলাদেশ ২৯১১ নং ফরমে ও উল্লেখিত শর্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের বিস্তারিত বিবরণ

১। দরপত্র সিডিউল বিক্রয়, জমা ও খোলার স্হান ঃ
- ক) প্রধান প্রকৌশলী, এলজিইডি , এলজিইডি ভবন , আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এর দপ্তর।
- খ) বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা এর দপ্তর।
- গ) জেলা প্রশাসক, বাগেরহাট জেলা।
- ঘ) পুলিশ সুপার, বাগেরহাট জেলা।
- ঙ) প্রকল্প পরিচালক (জিসিসিআর), এলজিইডি , এলজিইডি ভবন ,আগারগাঁও, শেরে বাংলা, নগর, ঢাকা-১২০৭ এর দপ্তর।
- চ) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি,খুলনা/সাতক্ষীরা/পিরোজপুর এর দপ্তর।
- ছ) উপজেলা প্রকৌশলী,শরণখোলা/সদর, জেলা-বাগেরহাট এর দপ্তর।

২। দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ দিন ও সময়ঃ ০৪-৯-১৪০৯ বাং মোতাবেক ১৮-১২-২০০২ইং তারিখ বিকেল ৪-০০ ঘটিকা পর্যন্ত।
৩। দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়ঃ ০৫-৯-১৪০৯ বাং মোতাবেক ১৯-১২-২০০২ ইং তারিখ বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত।
৪। দরপত্র খোলার তারিখ ও সময়ঃ ০৭-৯-১৪০০৯ বাং মোতাবেক ২১-১২-২০০২ ইং তারিখ বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত।ঞ্চ
৫। কাজের নাম ও অন্যান্য বিবরণ ঃ

ক্রমিক নং	কাজের নাম ও অবস্হান	প্যাকেজ নং	প্রাককলিত মূল্য	বায়নার টাকা	দরপত্রের মূল্য	কাজ বাস্তবায়নের সর্বমোট সময়সীমা	যোগ্য ঠিকাদারের বিবরণ/ শ্রেণী
১	শরণখোলা উপজেলাধীন রায়েন্দা (রাজৈর)-বানিয়াখালী সড়ক চেইঃ ০০মিঃ- ৩৩১৪ মিঃএ এস +১২ মিঃমিঃ সিলকোট দ্বারা উন্নয়ন (অংশ-১)।	বিজিটি এএস বিল্ড -০৩০৩	৩৬,৬৬,৭৪৫/=	৯১,৬৭০/=	১০০০/=	১০০ দিন	শ্রেণী ক্ষমতা অনুযায়ী এলজিইডি'র তালিকাভুক্ত হালনাগাদ নবায়নকৃত সকল ঠিকাদার এবং এলজিইডি'র অধীন অন্যান্য প্রকল্পের পূর্ব যোগ্যতা সম্পন্ন ঠিকাদার বৃন্দ।
২	ক) শরণখোলা উপজেলাধীন রায়েন্দা (রাজৈর)-বানিয়াখালী সড়ক চেইঃ ৩৩১৪ মিঃ-৫১২০মিঃ এ এস +১২ মিঃমিঃ সিলকোট দ্বারা উন্নয়ন। খ) একই সড়কের ৩২৭৩মিঃ, ৩৪৫৪ ও ৩৮৩৮মিঃ চেইঃ ৩টি কালভার্ট নির্মাণ (অংশ-২)।	বিজিটি এএস বিল্ড -০৩০৪	৩৮,৭০,৬৬৭/=	৯৬,৭৭০/=	১০০০/=	১২০ দিন	-ঐ-
৩	ক) শরণখোলা উপজেলাধীন পল্লানবাড়ি-রাজাপুর সড়ক চেইঃ ২২০০ মিঃ-৪৮৪০মিঃ এ এস +১২ মিঃমিঃ সিলকোট দ্বারা উন্নয়ন। খ) একই সড়কের ২৬৩৮মিঃ, ৩৯৭৮মিঃ, ৩২৭৫মিঃ,৩৪৩১মিঃ ও ৩৮৫৮মিঃ চেইঃ ৫টি কালভার্ট নির্মাণ (অংশ-২)।	বিজিটি এএস বিল্ড -০৩০৫	৪৩,৯৭,৭৯০/=	১,০৯,৯৪৫/=	১০০০/=	১২০ দিন	-ঐ-

শর্তাবলী

১। দরপত্রের সাথে অবশ্যই সত্যায়িত তালিকাভুক্তির লাইসেন্স হালনাগাদ (২০০২-২০০৩ সনের) নবায়নের কাগজপত্র, ভ্যাট রেজিষ্ট্রেশন কাগজপত্র (মুশক-১০) ও আয়কর পরিচিত (TIN) নম্বর সম্বলিত প্রত্যয়ন পত্র ও দরপত্র সিডিউল ক্রয়ের সময় দপ্তর হতে প্রদানকৃত রশিদ জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। যে সকল ঠিকাদারগণ ৫ (পাঁচ) বছর এলজিইডি অথবা সড়ক ও জনপথ বিভাগের আওতায় Pavement Work সন্তোষজনকভাবে যথাসময়ে বাস্তবায়ন করিয়াছেন, কেবলমাত্র তারাই এই দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। সংশ্লিষ্ট প্রকৌশলী (সর্বনিম্ন নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার) কর্তৃক প্রদানকৃত এই সংক্রান্ত অভিজ্ঞতার সনদপত্র দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। দরপত্রসমূহ দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক দরপত্র গ্রহণকারী অফিসসমূহে প্রাপ্তি স্বীকৃতব্য রেজিষ্ট্রী ডাকযোগে (Registered with AD) দাখিল করা যাবে। তবে এই ক্ষেত্রে দরপত্রসমূহ জমা নেয়ার সর্বশেষ সময়ের পূর্বেই সংশ্লিষ্ট অফিসে পৌঁছাতে হবে। অন্যথায় তা গ্রহণযোগ্য হবে না।

৪। ঠিকাদারকে দরপত্র দাখিলের পূর্বে অবশ্যই প্রকল্পস্থল সরেজমিনে পরিদর্শন করতে হবে। প্রকল্পস্থল পরিদর্শন করে যদি তিনি মনে করেন যে দরপত্র সিডিউলে অন্তর্ভুক্ত নয়, এমন কোন আইটেমের প্রয়োজন হতে পারে যেমন সাইটে প্রয়োজনীয় মাটি না পাওয়া গেলে, রাস্তার ধারে Ditch থাকলে প্যালাসাইডিং কাজ ইত্যাদি প্রয়োজন হলে, তাকে উক্ত আইটেমের সম্ভাব্য ব্যয় দরপত্রে উল্লেখিত অন্যান্য আইটেমের দরের সাথে দরমূল্য সংযোজন করে পোষায়ে নিতে হবে। কোন ক্ষেত্রেই নতুন (N.T) আইটেমের জন্য কোন বিল দাবী করা যাবে না।

৫। বাংলাদেশ ২৯১১ নং ফরমে ২য় পৃষ্ঠায় কাজের সকল আইটেমের উপর একত্রে শতকরা হারে "সমদর" "উর্ধ্বদর" বা "নিম্নদর" উল্লেখ পূর্বক দরপত্র দাখিল করতে হবে। নির্দিস্ট স্থানে দাখিলকৃত দর কথায় ও অংকে লিখতে হবে। এর ব্যতিক্রম ঘটলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উদ্ধৃত দরপত্র অংকে এবং কথায় লেখার মধ্যে গরমিল পাওয়া গেলে কথায় লিখিত দরটি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

৬। শতকরা ৫ (পাঁচ) ভাগ অপেক্ষা অধিক উর্ধ্বদর দাখিলের ক্ষেত্রে দরপত্র দাখিলের সময়ই আইটেম ভিত্তিক দর বিশ্লেষণ দাখিল করতে হবে। বিশ্লেষণের কোন ফটোকপি কিংবা কাটা ঘষা/ওভার রাইটিং করা দর বিশ্লেষণ গ্রহণযোগ্য হবে না। দর বিশ্লেষণবিহীন এবং উর্দ্ধৃত দরের সাথে যে কোন আইটেমের বিপরীতে অমিল/গরমিল /অসামঞ্জস্যপূর্ণ দর বিশ্লেষণ সম্বলিত দরপত্র তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

৭। প্রথম আহবানে বিবেচনার যোগ্য সর্বনিম্ন দরপত্র দর "সমদর" অপেক্ষা অধিক উর্ধ্বরের হলে প্রাপ্ত সকল দরপত্র বিবেচনার অযোগ্য বলে গণ্য করা হবে এবং দ্বিতীয়বার দরপত্র আহবান করা হবে। এতে কেউ আপত্তি করতে পারবে না। আপত্তি করলেও তা গ্রহণযোগ্য হবে না।

৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বাগেরহাট এর অনুকূলে উল্লেখিত ২.৫০% হারে বায়নার টাকা বাংলাদেশ ব্যাংকের যে কোন সিডিউল ব্যাংক হতে বিডি/সিডি/পে-অর্ডার আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

৯। কার্য সম্পাদনের প্রতিটি পর্যায়ের সময়সীমা উল্লেখ পূর্বক কার্য পরিকল্পনা (ওয়ার্ক প্লান) দরপত্রের সাথে দাখিল করতে হবে। ওয়ার্ক প্লান ব্যাতিরেকে দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। তাছাড়া দরপত্রের সাথে দাখিলকৃত কার্য পরিকল্পনা (ওয়ার্ক প্লান) টি অনুমোদিত সময় ও প্রকল্প স্থলের অবস্থার বিবেচনায় বাস্তব সম্মত বিবেচিত না হলে কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে চাহিবা মাত্র একটি বাস্তব সম্মত ও কার্যপযোগী কার্য পরিকল্পনা (ওয়ার্ক প্লান) জমা দিতে অনুমোদিত ঠিকাদার বাধ্য থাকবেন।

১০। ঠিকাদারী কাজে কোন দরপত্রদাতা সিডিউল ক্রয় বা দরপত্র দাখিলের সময় অন্যান্য দরপত্র দাতা বাধা প্রদান করলে বা কোন প্রকার সাব-লেটিং করলে কার্যাদেশ প্রদানের পরে যদি কোন ঠিকাদার কোন কাজে এলসিএস ব্যাতিত অন্য কাউকে সাব-লেটিং করে তবে তার/তাদের কার্যাদেশ বাতিলসহ লাইসেন্স বাতিল করা হবে।

১১। বাংলাদেশ ২৯১১ নং ফরম, দরপত্র নোটিশ, সিডিউল, ডিজাইন, প্ল্যান, শর্তাবলী, অতিরিক্ত শর্তাবলী ইত্যাদি সকল কাগজপত্র দরপত্র ডকুমেন্ট্স এর অংশ হিসেবে বিবেচিত হবে এবং এ সকল ডকুমেন্ট এর সকল পৃষ্ঠা ঠিকাদারকে স্বাক্ষর করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। যে সমস্ত ঠিকাদার বা প্রতিষ্ঠান সমূহকে ২০০০-২০০১/২০০১-২০০২ ইং অর্থ বছরে IFSP কাজে অযোগ্য বলে ঘোষনা করা হয়েছে তারা এই দরপত্রে কোন ভাবেই অংশ গ্রহণ করতে পারবে না।

১৩। যে সকল কারনে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে ঃ-

(ক) দরপত্রদাতা দরপত্রের সাথে নতুন কোন শর্ত আরোপ করলে।
(খ) প্রাক্কলিত মূল্য হতে শতকরা ৫ (পাঁচ) ভাগ অপেক্ষা অধিক নিম্নদরে দরপত্র দখিল করলে।
(গ) চাহিদা মোতাবেক দরপত্রের সাথে লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর ও দরপত্র সিডিউল ক্রয়ের রশিদ এবং অভিজ্ঞতার সনদপত্র দাখিল না করলে।
(ঘ) ডাকযোগে প্রেরিত দরপত্র নির্ধারিত সময়ের পরে পৌঁছালে।
(ঙ) শতকরা ৫ (পাঁচ) ভাগ অপেক্ষা অধিক উর্ধ্বদরে দরপত্র দাখিলের ক্ষেত্রে দর বিশ্লেষণ দরপত্রের সাথে দাখিল না করলে।
(চ) উল্লেখিত পরিমানের চেয়ে আমানতের টাকা কম দাখিল করলে।
(ছ) কার্য পরিকল্পনা (ওয়ার্কি প্ল্যান) দরপত্রের সাথে দাখিল না করলে।
(জ) দরপত্র ডকুমেন্ট্স এর সকল পৃষ্ঠায় ঠিকাদার স্বাক্ষর না করলে।
(ঝ) দর উল্লেখের স্থানে কাটাকাটি করে বা সংশোধন করে ঠিকাদার স্বাক্ষর না করলে।
(ঞ) সিডিউল ক্রয়ের সময় ইস্যুকারীর নিকট হতে সিডিউল ক্রয়ের রশিদ নিতে হবে এবং উক্ত রশিদ দরপত্রের সাথে দাখিল না করলে।

১৪। একাধিক ঠিকাদার একই দর দাখিল পূর্বক সর্বনিম্ন দরের হলে কার্যাদেশ দানের জন্য লটারির মাধ্যমে একজন ঠিকাদার নির্বাচন করার লক্ষ্যে তাদের মধ্যে আগামী ২৩-১২-২০০২ ইং তারিখ বেলা ২-৩০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগ্রহী প্রতিযোগীগণের উপস্থিতিতে লটারি করা হবে।

১৫। বাংলাদেশ ফরম নং ২৯১১ এ দাখিলকৃত দরপত্র প্রথম ও ফর্মাল দরপত্র হিসেবে বিবেচিত হবে। শুধুমাত্র অফারের মাধ্যমে দর হার কমানোর প্রয়োজনীয়তা দেখা দিলে বাংলাদেশ ২৯১১ নং ফরমে ফর্মাল দরপত্র গ্রহণ করা হবে।

১৬। কার্যাদেশ প্রদানের পর অনুমোদিত ডিজাইন, ড্রইং প্রাককলন এবং দরপত্র সিডিউলের কোন সংখ্যা অথবা লিখিত কোন শব্দে প্রিন্টিং জনিত ত্রুটি অথবা কোন গরমিল পরিলক্ষিত হলে উক্ত বিষয়ে নির্বাহী প্রকৌশলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। সকল ব্রীজ/ কালভার্ট (Structure) এর কাজ ১৫-০৪-২০০৩ ইং তারিখের পূর্বে এবং সকল Aggregate Sand (AS) এর কাজ ৩০-০৪-২০০৩ ইং তারিখের পূর্বে ১০০% সমাপ্ত করতে হবে।

১৮। কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে নিয়োজিত ঠিকাদার কাজ শুরু না করলে ১৬তম দিবস হতে কার্যাদেশ আপনা আপনি বাতিল এবং ঠিকাদারের আমানত/ জামানত বাজেয়াপ্ত হয়েছে বলে গণ্য করা হবে এবং কাজটি বাস্তবায়নের জন্য নতুন ঠিকাদার নিয়োগ করা হবে । এতে কারো কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৯। LGED ও CARE এর কর্মকর্তাগণ বাস্তবায়ন নির্দেশিকা ৩.৩ (অত্র দপ্তর বা সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর দপ্তরে দেখা যাবে) অনুসারে যৌথ পরিদর্শনে যদি দেখা যায় যে, কাজটি বাস্তবে শুরু হয়নি অথবা কাজের বাস্তব অগ্রগতি দাখিলকৃত কার্য পরিকল্পনার সাথে মিল নেই অথবা কাজের গুনগত মান সন্তোষজনক নয়। সেক্ষেত্রে LGED ও CARE এর যৌথ সিদ্ধান্ত মোতাবেক কার্যাদেশ বাতিল অথবা জরিমানা সহকারে কাজটি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করার ক্ষেত্রে যে সিদ্ধান্তই গ্রহণ করা হোক না কেন তা চুড়ান্ত বলে গণ্য হবে। এতে ঠিকাদারের কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না ।

২০। AS কনষ্ট্রাকশন কাজে Salvage material কোনক্রমেই ব্যবহার করা যাবে না ব্যবহৃত Khoa এর জন্য প্রথম শ্রেণীর ইট রাস্তার পাশে এনে ভাঙতে হবে। কোন অবস্হাতেই বাইরের ভাঙা Khoa / Brick bats রাস্তায় ব্যবহার করা যাবে না।

২১। অনিবার্য কারণ বশতঃ প্রাককলন/ সিডিউলে কোন সংশোধন আনা হলে উক্ত সংশোধন অনুযায়ী কার্যাদেশে প্রয়োজনীয় সংশোধন জারী করা হবে এবং ঠিকাদার উহা মেনে নিতে বাধ্য থাকবে।

২২। দাখিলকৃত খামের উপর প্রতি গ্রুপের কোড নং স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

২৩। অত্র দপ্তর হতে সরবরাহকৃত নমুনা ও মাপ অনুসারে প্রকল্প স্হলে (সড়কে এ এস কাজের জন্য এবং ষ্ট্রাকচার Span ≥ 2.0m এর জন্য পৃথক পৃথক ভাবে) কাজের বিবরণ সম্বলিত সাইন বোর্ড নিয়োজিত ঠিকাদারের নিজ ব্যবস্হাপনায় স্হাপন করতে হবে।

২৪। ব্রীজ/ কালভার্টের সকল প্রকার RCC কাজই Fair Face করতে হবে। RCC কাজের উপর কোন Plaster গ্রহণযোগ্য হবে না।

২৫। প্রতিটি কাজের জন্য প্রকল্প স্হলে সাইড অর্ডার বুক ঠিকাদারকে সংরক্ষণ করতে হবে। দৈনন্দিন কাজের বিবরণ, ল্যাবরেটরী টেষ্ট রেজাল্ট, সংশ্লিষ্ট প্রকৌশলী, সুপারভাইজারী কর্মকর্তা ও কর্মচারীগণের পরামর্শ, সুপারিশ ও মন্তব্য তাতে লিপিবদ্ধ করতে হবে। প্রতিটি চলতি বিলের সাথে অর্ডার বুকের সংশ্লিষ্ট অংশ ফটোকপি করে এবং চুড়ান্ত বিলের সাথে মূল সাইড অর্ডার বুক দাখিল করতে হবে। অন্যথায় কোন বিল পরিশোধ করা হবে না।

২৬। কাজের স্পেসিফিকেশন মোতাবেক প্রয়োজনীয় সকল প্রকার ল্যাবরেটরী টেষ্ট দরপত্র সিডিউলের সাথে সংযোজিত তালিকা ও দর অনুসারে নিয়োজিত ঠিকাদার অবশ্যই নিজ খরচে প্রতিপাদন করবেন। সন্তোষজনক টেষ্ট রেজাল্ট ছাড়া কোন নির্মাণ সামগ্রী কাজে লাগান যাবে না এবং বাস্তবায়িত কাজের কোন বিল দাখিল/দাবী করা যাবে না।

২৭। সংশ্লিষ্ট কাজের বিল হতে বিধি মোতাবেক সরকার আরোপিত আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।

২৮। কাজ বাস্তবায়নকালে কোন চলতি বিলের প্রয়োজন দেখা দিলে শুধুমাত্র LGED ও CARE এর নিকট যৌথভাবে গ্রহণযোগ্য বাস্তবায়িত কাজের সর্বোচ্চ ৭৫% এর বেশী বিল দাবী করা যাবে না।

২৯। মাটির কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কাজ শুরুর পূর্বে Level মেশিন দ্বারা গৃহীত Pre-work ও কাজ সম্পাদনোত্তর Post work গ্রহণ করার পর কেবলমাত্র ঠিকাদারের কাজের চুড়ান্ত বিল পরিশোধ করা হবে।

৩০। LGED ও CARE কর্তৃক যৌথ Post-work গ্রহণ করার পর যদি দেখা যায় কাজটির গুণগত মান সন্তোষজনক এবং বাস্তবায়ন নির্দেশিকা ও অন্যান্য শর্তাবলী পুরণ সহকারে সম্পন্ন হয়েছে, শুধুমাত্র তখনই ঠিকাদার চুড়ান্ত বিলের জন্য আবেদন করতে পারবে।

৩১। কাজের চলতি/ চুড়ান্ত বিল হতে ১০% (শতকরা দশ ভাগ) জামানত (আর্নেষ্ট মানিসহ) কর্তন ও সমন্বয় করা হবে। যা AS/ Structure কাজ সমাপ্ত হওয়ার ১ (এক) বছর পর ফেরৎ প্রদান করা যাবে। তবে শর্ত থাকে যে, এই এক বছর মেয়াদের মধ্যে কাজ AS/Structure কাজের কোন ত্রুটি (Faulty Work) পরিলক্ষিত হলে উহা কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক সঠিকভাবে নিজ খরচে ঠিকাদার কর্তৃক সংশোধন করার পরই উক্ত জামানতের টাকা ফেরত দেয়া হবে। ঠিকাদার কর্তৃক এই শর্ত পালনে ব্যর্থ হলে জামানতের টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করে উক্ত টাকা দ্বারা দাপ্তরিক ব্যবস্হাপনায় উল্লেখিত ত্রুটি (Faulty Work) সমূহ সংশোধন করা হবে।

৩২। সরকার হতে তহবিল পাওয়ার পর কাজের অগ্রগতির ভিত্তিতে বাস্তবায়িত কাজের বিল পরিশোধ করা হবে। তহবিল প্রাপ্তিতে বিলম্ব হলে ঠিকাদার কোন প্রকার ওজর আপত্তি করতে পারবেন না । তাছাড়া অনুমোদিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত না করার প্রেক্ষিতে বরাদ্দকৃত তহবিল তামাদি হলে ঠিকাদারকে কোন বিল পরিশোধ করা সম্ভব হবে না । এর জন্য ঠিকাদারই দায়ী হবেন, কর্তৃপক্ষকে কোন ভাবেই দায়ী করা যাবে না ।

৩৩। ঠিকাদারকে AS রাস্তার নির্মাণ কাজে মহিলা শ্রমিকদের নিয়োগ অগ্রাধিকার দিতে হবে।

৩৪। প্রকল্পটি CARE এর সাথে সংশ্লিষ্ট বিধায় LGED ও CARE এর যৌথ সিদ্ধান্ত মানতে ঠিকাদার বাধ্য থাকবেন।

৩৫। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অফিস চলাকালীন সময়ে উল্লেখিত বিক্রয়স্হল হতে ১৮-১২-২০০২ইং তারিখ পর্যন্ত দেখা, জানা ও দরপত্র সিডিউল ক্রয় করা যাবে। ঠিকাদার নিজে অথবা তার প্রতিনিধি দরপত্র সিডিউল ক্রয় করতে পারবেন।

৩৬। পর্যাপ্ততা (Available) স্বাপেক্ষে এলজিইডি'র নির্মাণ যন্ত্রপাতি সকল কাজে ব্যবহার করতে হবে। সেক্ষেত্রে দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত যন্ত্রপাতি ভাড়ার একক পরিমান অনুযায়ী হার ও দিন ভিত্তিক হার যেটি অনুযায়ী অধিক অর্থ পাওনা হবে , সে পরিমান অর্থ অগ্রীম গ্রহণ/বিল হতে সমন্বয় করা হবে। যদি কোন কারণে অন্য সংস্হার যন্ত্রপাতি ব্যবহার করার প্রয়োজনীয়তা দেখা দেয় সেক্ষেত্রে একই হারে রাজস্ব জমার প্রমান পত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে সংগ্রহ করে অত্র দপ্তরে দাখিল করতে হবে।

৩৭। সর্বনিম্ন দরের দরপত্র অনুমোদনে কর্তৃপক্ষ বাধ্য নয় এবং কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩৮। নির্মাণ স্হান প্রস্তুতকরণ এবং নির্মাণ সামগ্রী আনা-নেয়ার সময়ে ঠিকাদারকে অবশ্যই পরিবেশের উপর প্রতিকূল প্রভাব ফেলে এরুপ কাজ পরিহার করতে হবে।

৩৯। **কোন ঠিকাদার ২টির অধিক প্যাকেজে দরপত্র দাখিল করে সর্বনিম্ন হলে সংশ্লিষ্ট ঠিকাদারকে সর্বোচ্চ ২টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হবে।**

(মোঃ মোশাররফ হোসেন)
নির্বাহী প্রকৌশলী

স্মারক নং এলজিইডি/নিঃপ্রঃ/বাগের/দ-১(অংশ-৮)/২০০২/৪৭৯৮/১(৩০) তারিখঃ ৩০-১১-২০০২ ইং।

অবগতি ও ব্যাপক প্রচারের ব্যবস্হা করার জন্য অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলঃ-

১। প্রধান প্রকৌশলী,স্হানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর , এলজিইডি ভবন, আগার গাঁও, শেরে বাংলা নগর,ঢাকা-১২০৭।
২। বিভাগীয় কমিশনার, খুলনাবিভাগ, খুলনা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (প্রশাসন)/রক্ষণাবেক্ষণ , স্হানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর , এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর,ঢাকা-১২০৭।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্হানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর , খুলনা অঞ্চল, এলজিইডি ভবন, যশোর।
৫। প্রকল্প পরিচালক , অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প/স্বল্প ব্যয় গ্রামীণ সড়কে ব্রীজ/কালর্ভাট নির্মাণ প্রকল্প/ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প/পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প/গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প/জিসিসিআর প্রকল্প, স্হানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর , এলজিইডি ভবন, আগার গাঁও, শেরে বাংলা নগর,ঢাকা-১২০৭।
৬। জেলা প্রসাশক, বাগেরহাট
৭। পুলিশ সুপারিনটেনডেন্ট,বাগেরহাট।
৮। নির্বাহী প্রকৌশলী , এলজিইডি,খুলনা/সাতক্ষীরা/পিরোজপুর জেলা।
৯। নির্বাহী প্রকৌশলী , গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ/পাউবো/ফ্যাসিলিটিজ/ খুলনা সিটি কর্পোরেশন , খুলনা।
১০। সচিব, জেলা পরিষদ, বাগেরহাট।
১১। উপজেলা প্রকৌশলী,---------------------উপজেলা, জেলা- বাগেরহাট।
১২। প্রজেকট ম্যানেজার, BUILD প্রকল্প, কেয়ার, যশোর।
১৩। সহকারী প্রজেকট ম্যানেজার, BUILD প্রকল্প, কেয়ার, খুলনা।
১৪। নোটিশ বোর্ড।

ঠিকাদারের স্বাক্ষর ও ঠিকানা

(মোঃ মোশাররফ হোসেন)